প্রযুক্তি কৃষকের জন্য

কৃষি প্রযুক্তি কৃষকের হাতে পৌঁছা ও মাঠে প্রয়োগের মধ্যেই এর সার্থকতা । সম্ভাব্য স্বল্পতম সময়ে কৃষকের কাছে প্রযুক্তি হস্তান্তর করা সম্প্রসারণ কর্মী ও বিজ্ঞানীদের দায়িত্ব ।



চিত্র: প্রযুক্তি হস্তান্তরের কৌশল

অংশীদারিত্বমূলক গবেষণা কি?

এটি সম্ভাবনাময় ও প্রতিশ্রুতিশীল প্রযুক্তি কৃষকের মাঠে মূল্যায়ন ও অকাট্যকরণের এমন এক প্রক্রিয়া যাতে কৃষক, বিজ্ঞানী, সম্প্রসারণ কর্মী এবং স্থানীয় উন্নয়ন কর্মীদের অংশগ্রহণ নিশ্চিত করা হয় । এতে প্রযুক্তি বিষয়ে কৃষক নিজেই সিদ্ধান্ত গ্রহণ করেন । বিশ্বের অনেক দেশেই এ ধরনের অংশীদারিত্বমূলক গবেষণা ও প্রযুক্তি হস্তান্তর কাজ সুফল দিয়েছে ।

প্রযুক্তি হস্তান্তরের জন্য কি করবেন?

- সরকারি-বেসরকারি সম্প্রসারণ সংস্থার অংশীদারিত্ব নিশ্চিত করা ।
- কৃষকের সাথে কাজ করতে আগ্রহী এমন স্থানীয় উন্নয়ন সংস্থা চিহ্নিত করা ।
- অংশীদারিত্বমূলক পন্থায় কৃষকের সমস্যা ও চাহিদা নিরূপণ ।
- সমস্যার মোকাবেলায় বিকল্প সমাধান সন্ধান করা ।
- গবেষণা, সম্প্রসারণ, মূল্যায়ন কাজে কৃষকদের সম্পৃক্তকরণ ।
- প্রযুক্তি বাছাই ও গ্রহণে কৃষকের সিদ্ধান্ত প্রাধান্য দেয়া ।
- উৎপাদন, অর্থনৈতিক লাভ, সামাজিক গ্রহণযোগ্যতা ও টেকসই ভিত্তিতে প্রযুক্তি মূল্যায়ন ।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

আরো তথ্যের জন্যঃ
ড. মোঃ মোশাররফ হোসেন, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ফলিত গবেষণা বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ১৭০১, ই-মেইলঃ ardbrri@dhaka.net